দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 AUG 1996 ...
পৃষ্ঠা ৩ কলাম ... ২ ...

20

# পাঠ্য পুস্তকে মুক্তিযুদ্ধের ইতিহাস ও বঙ্গবন্ধুর জীবনী সংযোজিত হইবে

..................................................... শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গত বুধবার সংসদকে জানান, পাঠ্য পুস্তকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## পাঠ্য পুস্তকে মুক্তিযুদ্ধের

(৩য় পৃঃ পর)

রহমানের নাম সংযোজন করা হইবে। সরকারী দলের সদস্য অধ্যাপিকা জান্নাতুল ফেরদৌসের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানাইয়া বলেন, পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস লিপিবদ্ধ করার উদ্দেশ্যে ইতিমধ্যেই কমিটি গঠন করা হইয়াছে। কমিটির সুপারিশ অনুযায়ী মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধুর নাম ও তাহার জীবনী সংশ্লিষ্ট পাঠ্যপুস্তকে সন্নিবেশিত করা হইবে। এ সংশোধন ও পরিমার্জিত লেখা ১৯৯৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকে সন্নিবেশ করা হইবে।

### শিক্ষার হার

জাতীয় পার্টির রুস্তম আলী ফরায়জীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদে জানান, দেশে শিক্ষার হার ৪৪ দশমিক ৩০। ইহার মধ্যে ঢাকা ও বরিশাল বিভাগে শিক্ষার হার ৪৭ দশমিক ৫ শতাংশ। আর সবচাইতে কম ৩৯ দশমিক ৩ শতাংশ। দেশের সবচাইতে বেশী শিক্ষিতের হার ঢাকায় ৬৮ দশমিক ৩ শতাংশ ও সবচাইতে কম শেরপুরে ২৭ দশমিক ৭ শতাংশ। বিএনপির গৌতম চক্রবর্তীর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষার সুযোগ দানের পরিকল্পনা সরকারের আছে। তবে কবে হইতে ইহা কার্যকর হইবে স্থির হয় নাই। সরকারী দলের এমপি আবদুল হাকিমের এক প্রশ্নের জবাবে গত ৩০শে জুন পর্যন্ত দেশের প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকদের শূন্যপদের সংখ্যা ২৬৩৪। এসব পদ পূরণের পদক্ষেপ নেওয়া হইতেছে।

### কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তন

জামালপুর হইতে নির্বাচিত সরকারী দলের সদস্য মির্জা আজমের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, জামালপুর জেলার সরিষাবাড়ী থানার ৪টি শিক্ষা প্রতিষ্ঠানের নাম ১৯৯১ সালের পর পরিবর্তন করা হয়। শিক্ষামন্ত্রীর বক্তব্য মতে সরকারী নিয়মনীতি উপেক্ষা করিয়া এসব শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করা হয়। তাহার প্রদত্ত তথ্য হইতে দেখা যায়, জামালপুর এলাকার একজন প্রভাবশালী সাবেক মন্ত্রী নিজের পিতা-মাতা ও স্ত্রীর নামে শিক্ষা প্রতিষ্ঠানগুলির নামকরণ করেন। যেমন সরিষাবাড়ী উচ্চ বিদ্যালয়ের নামকরণ করা হয় রিয়াজউদ্দিন তালুকদার উচ্চ বিদ্যালয়, আরামনগর বালিকা উচ্চ বিদ্যালয়কে করা হয় সরিষাবাড়ী সালেহা খাতুন উচ্চ বিদ্যালয়, সরিষাবাড়ী কলেজকে সরিষাবাড়ী রিয়াজউদ্দিন তালুকদার কলেজ ও সরিষাবাড়ী মহিলা কলেজকে মাহমুদা সালাম মহিলা কলেজে নামকরণ করা হয়।